



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৭ এপ্রিল ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরঙ্গায় বড়নাল ইউনিয়নের মাস্টারপাড়ায় ‘হামলা’ ও ‘গুলির’ ঘটনায় ইউপিডিএফ জড়িত নয়

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক রিকো চাকমা আজ ৭ এপ্রিল রবিবার এক বিবৃতিতে চট্টগ্রামের দৈনিক সুপ্রভাত বাংলাদেশ পত্রিকায় ‘মাটিরঙ্গা: ইউপিডিএফ সন্ত্রাসীদের ফাঁকা গুলিবর্ষণ’ শিরোনামে প্রকাশিত রিপোর্টে ইউপিডিএফকে জড়িয়ে যে তথ্য পরিবেশন করা হয়েছে তা প্রত্যাখ্যান করেছেন।

তিনি বলেন, ‘মাটিরঙ্গার বড়নাল ইউনিয়নের মাস্টার পাড়ায় চাঁদাবাজিকে কেন্দ্র করে কথিত হামলা ও গোলাগুলির ঘটনা সম্পর্কে আমরা অবহিত নই। গতকাল শনিবার সারাদিন ও আজ রবিবার দুপুর পর্যন্ত খোঁজ নিয়েও আমরা জানতে সক্ষম হইনি আসলে গত শুক্রবার সেখানে কী ঘটেছে বা আদৌ কোন ঘটনা ঘটেছে কীনা।’

রিকো চাকমা চাঁদাবাজি ও গুলির ঘটনার সাথে তার দলের কর্মীদের জড়িত থাকার কথা দৃঢ়ভাবে অস্বীকার করে বলেন, যদি এ ধরনের ঘটনা সত্যিই ঘটে থাকে, তাহলে তার সাথে অন্য কেউ জড়িত থাকতে পারে, ইউপিডিএফ নয়।

তিনি আগামী ১১ এপ্রিল মাটিরঙ্গায় অনুষ্ঠিতব্য বৈসাবি শোভাযাত্রা বানচালের উদ্দেশ্যে কোন বিশেষ মহল পাহাড়ি-বাঙালি সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধানোর জন্য উক্ত ঘটনা ঘটিয়েছে কীনা, নাকি গুজব ছড়িয়েছে তা অবিলম্বে তদন্ত করে প্রকৃত সত্য প্রকাশের জন্য প্রশাসনের প্রতি দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।